

(প্রেস বিজ্ঞপ্তি)

০৪ নভেম্বর ২০২২ খ্রি.

জননেতা আখতারুজ্জান চৌধুরী বাবুর মৃত্যুবার্ষিকীতে
সিটি মেয়রের ফুলেল শ্রদ্ধা নিবেদন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনে মেয়র মো. রেজাউল করিম চৌধুরী আজ শুক্রবার সকালে বাংলাদেশ আওয়ামী লীগের সাবেক প্রেসিডিয়াম সদস্য, সাংসদ ও দক্ষিণ জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি মরহুম জননেতা আখতারুজ্জান চৌধুরী বাবুর ১০ মৃত্যুবার্ষিকী উপলক্ষে আনোয়ারা হাইলধর ইউনিয়নে তাঁর পারিবারিক কবরস্থানে ফুলেল শ্রদ্ধা নিবেদন, ফাতেহা পাঠ করে মরহুমের রুহের মাগফেরাত কামনা করে বিশেষ মুনাজাত করেন। শ্রদ্ধা নিবেদনকালে মেয়র বলেন, বাংলাদেশ আওয়ামী লীগের দুঃসময়ের রাজনৈতিক চ্যালেঞ্জ মোকাবেলায় একজন পরীক্ষিত বঙ্গবন্ধুর আদর্শের দূর্জয় সৈনিক হিসেবে আখতারুজ্জান বাবু নিজেদের প্রতিষ্ঠিত করেন। তিনি মাটি ও মানুষের সাথে সম্পৃক্ত হয়ে তাদের সুখ-দুঃখের জীবন ধারার এক অবিচ্ছেদ্য হয়ে আছেন। সে কারণে তাঁর জন্মস্থান ও নির্বাচনী এলাকা আনোয়ার পটিয়া আসনের জনসাধারণের কাছে চির নন্দিত হয়ে আছেন। আখতারুজ্জামান বাবুর অভাববোধ চট্টগ্রামবাসী বেদনা ও যন্ত্রনা কাতরতায় অনুভব করছে। শ্রদ্ধা নিবেদনকালে সিটি মেয়রের সাথে উপস্থিত ছিলেন-চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক শফিক আদনান, প্রচার ও প্রকাশনা সম্পাদক আলহাজ্ব শফিকুল ইসলাম ফারুক, আওয়ামী লীগ নেতা তৌহিদুল আনোয়ার, মহানগর যুবলীগের সাবেক যুগ্ম আহ্বায়ক ও আওয়ামী লীগ নেতা দেলোয়ার হোসেন খোকা, চসিক কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব প্রমুখ।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩